কুষ্টিয়ার এডুকেয়ার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

কুষ্টিয়ার এডুকেয়ার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে চিত্রাঙ্কন, রচনা ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার সকালে প্রতিষ্ঠান প্রাঙ্গণে উৎসবমুখর পরিবেশে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এডুকেয়ার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মোঃ মোজাম্মেল হক রাসেল। পুরস্কার বিতরণ করেন প্রতিষ্ঠানের পরিচালক মোঃ সোহেল রানা মানিক এবং অধ্যক্ষ দিলরুবা পারভীন।

এ সময় বক্তারা বলেন, পাঠ্যবইয়ের পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের মানসিক ও নৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তারা শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি সৃজনশীল কর্মকাণ্ডে আরও বেশি সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মোঃ মোজাম্মেল হক রাসেল বলেন, এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মেধা বিকাশ ও চিন্তাশক্তি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি আরও বলেন, “এডুকেয়ার সবসময়ই একটি প্রগতিশীল ও আন্তর্জাতিক মানের শিক্ষা পরিবেশ তৈরির চেষ্টা করে, যেখানে প্রতিটি শিক্ষার্থী নিজেকে আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে পারে। আমরা বিশ্বাস করি, আলোকিত মানুষই গড়ে তুলতে পারে গর্বিত আগামী।”

এ সময় প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে চিত্রাঙ্কন, রচনা ও বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা পারফর্মারদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

আয়োজকরা জানান, শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশ, প্রতিভা অনুসন্ধান এবং সহশিক্ষা কার্যক্রমে আগ্রহ বাড়াতে এ ধরনের আয়োজন নিয়মিত করা হয়।

কুষ্টিয়ায় এডুকেয়ারের ‘মানব-পুতুল’ নাচ

সত্যিকারের পুতুলনাচ যখন বিলুপ্তির পথে, তখন কুষ্টিয়ায় একটি স্কুলের একঝাঁক শিশু শিক্ষার্থী ‘মানব-পুতুল’ সেজে নাচ পরিবেশন করে বেশ তাক লাগিয়ে দেয়।

গতকাল শনিবার শহরের হাউজিং এফ ব্লকে এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ডিসপ্লেতে অংশ নেয় তারা।

এসময় ক্ষুদে শিক্ষার্থীরা ‘মানব-পুতুল’ সেজে ‘এই যে দুনিয়া কিসেরও লাগিয়া এত যত্মে গড়াইয়াছে সাঁই’ গানের সঙ্গে নাচ প্রদর্শন করে।

এর আগে, সকালে বধূ সাজে মাঠে নামে একদল মানব-পুতুল। সংখ্যায় তারা ২৭ জন। জানা যায়, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে পুতুল সেজে নাচবে তারা। তাদের নাচ দেখতে আগে থেকেই হাজারো দর্শকের উপস্থিতি ছিল।

ডিসপ্লে চলাকালে দর্শকদের মধ্যেও ছিল বেশ উচ্ছ্বাস। মুহুর্মুহু করতালি দিয়ে মানব-পুতুলদের স্বাগত জানান তারা। পুতুল নাচের ব্যতিক্রমী এই ডিসপ্লে জেলাজুড়ে বেশ আলোচনার জন্ম দেয়।

এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান মোজাম্মেল হক রাসেল জানান, এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজে মোট ২৮ টি ক্লাব আছে। এই ক্লাবের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন বিষয় বাস্তবিক জ্ঞান প্রদান করা হয়। আজকের আয়োজনে আমাদের আড়াই হাজার শিক্ষার্থীদের সমন্বয়ে ১০৬ টি ইভেন্ট অনুষ্ঠিত হয়। এরমধ্যে মানব

পুতুল নাচের আয়োজনে উপস্থিত অতিথি, দর্শক, অভিভাবক শিক্ষক শিক্ষার্থীরা মুগ্ধ। এই নাচের নেপথ্য কারিগর হলেন আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের কালচারাল ক্লাবের প্রশিক্ষক মিস জান্নাতুল ফেরদৌস শিমুল।

কলেজের অধ্যক্ষ ক্যাপ্টেন মো: নজরুল ইসলাম বলেন, বাংলার লোকায়ত সংস্কৃতি পুতুলনাচকে নবরূপ দিয়ে জনপ্রিয় করে তোলার ক্ষেত্রে আমাদের চেষ্টা ছিলো। যেটি দারুণ আাবে ফুটিয়ে তোলা হয়েছে।

মিস জান্নাতুল ফেরদৌস শিমুল বলেন, আজকের মানব-পুতুলের কোরিওগ্রাফি করতে অনুপ্রাণিত করেছে আমাদের এই কুষ্টিয়ার এক সময়ের ঐতিহ্য পুতুল নাচ। সেই অনুপ্রেরণা থেকেই নিজের কর্মস্থল এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের একদল শিক্ষার্থীকে তালিম দিয়ে পারদর্শী করে তুলেন তিনি। সুতা দিয়ে সত্যিকারের পুতুলকে মঞ্চে যেভাবে নাচানো হতো, এর আদলেই মানব-পুতুল শিশুদের হাতে সুতা বেঁধে নাচ প্রদর্শন করান তিনি।

নাচে নেতৃত্ব দেওয়া দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী নুসরাতের ভাষ্য, ‘ঐতিহ্যবাহী পুতুলনাচ আমি কখনো দেখিনি। স্যার আমাদের তৈরি করেছেন। এই নাচে অংশ নিতে পেরে আমার খুবই ভালো লাগছে।’